

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির নির্দেশিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করেছে। উক্ত নির্দেশিকার আলোকে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে নিম্নরূপে দিক নির্দেশনা প্রদান করা হলো :

২৮/০৭/২০২১ খ্রিঃ হতে ১৪/০৮/২০২১ খ্রিঃ এর মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) পূরণ ও প্রিন্ট করে কলেজের ওয়েবসাইটে ([www.nsc.edu.bd](http://www.nsc.edu.bd)) Online Admission বাটনে ক্লিক করে Admission Type এ Under Graduate Admission এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- টাকা bkash Payment Gateway এর মাধ্যমে প্রদান করতে হবে।

বিঃদ্রঃ- কলেজে ফরম জমা দেওয়ার প্রয়োজন নাই।

## (১) আবেদনের সাধারণ যোগ্যতা :

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ব বিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

(২) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন প্রার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(৩) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(৪) On Line এ ফরম পূরণের ক্ষেত্রে কোন তথ্য ভুল হলে কলেজে যোগাযোগ করে সংশোধন করতে পারবে। (০১৩০৯১২৪২৩৫)

(৫) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চায়ন করার পর তা আর পরিবর্তন করা যাবে না।

(৬) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তথ্য ছকের নির্ধারিত স্থানে তার জন্য প্রযোজ্য কোটা select করতে হবে। কোটার আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। যা ভর্তির সময় প্রদর্শন করতে হবে।

(৭) অত্র কলেজে যে সকল বিষয়ে স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদন করা যাবে :

ক। কলা অনুষদ : (১) বাংলা (২) ইংরেজী (৩) দর্শন (৪) রাষ্ট্রবিজ্ঞান (৫) অর্থনীতি (৬) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।


খ। ব্যবসায় শিক্ষা অনুষদ : (১) হিসাব বিজ্ঞান (২) ব্যবস্থাপনা।

গ। বিজ্ঞান অনুষদ : (১) পদার্থবিদ্যা (২) রসায়ন (৩) উদ্ভিদবিদ্যা (৪) প্রাণিবিদ্যা (৫) গণিত।

(৮) ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে জানা যাবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ১৫/০৯/২০২১ তারিখ থেকে শুরু হবে।

(১১) রিলিজ স্লিপে ভর্তির আবেদনের ক্ষেত্রে :

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ  
নাটোর।

## বিতরণঃ

- ১। উপাধ্যক্ষ মহোদয়, নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।
- ২। আহবায়ক ও সকল সদস্য ২০২০-২০২১ শিক্ষাবর্ষ সম্মান ভর্তি কমিটি, নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।
- ৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।
- ৪। কম্পিউটার শাখা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫। ক্যাশ শাখা
- ৬। নোটিশ বোর্ড।
- ৭। অফিস নথি।